

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১৬- ২৬৪ -

তারিখঃ ১৫.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ অরুন কান্তি ঘোষ (১১০০৬৮), মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুড়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ অরুন কান্তি ঘোষ (১১০০৬৮), মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুড়া গত ২৪.০৬.২০১৫ তারিখ হতে ০৬.১১.২০১৫ তারিখ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব


ডাঃ অরুন কান্তি ঘোষ (১১০০৬৮)
মেডিকেল অফিসার
সদর হাসপাতাল, মাগুড়া
(স্থায়ী ঠিকানাঃ- বড়াইপাড়া, ডাকঘর-নালডাই, উপজেলা-লোহাগড়া, জেলা-নড়াইল)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১৬- ২৬৪/১(৫)

তারিখঃ ১৫.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, মাগুড়া।
- ৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।



(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

অভিযোগ বিবরণী

ডাঃ অরুন কান্তি ঘোষ (১১০০৬৮), মেডিকেল অফিসার, সদর হাসপাতাল, মাগুড়া গত ২৪.০৬.২০১৫ তারিখ হতে ০৬.১১.২০১৫ তারিখ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তার উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব